

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
উন্নয়ন-২ অধিশাখা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবনী উদ্যোগ এর ধারণা যাচাই-বাছাই সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি: বেগম মাহমুদা শারমীন বেনু এনভিসি, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
সভার তারিখ: ২৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ।
সময়: ১১.০০ ঘটিকা।
স্থান: অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অফিস কক্ষ।

উপস্থিতি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১) জনাব শাহনেওয়াজ দিলরুবা খান, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ২) জনাব কে.এম. রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
- ৩) জনাব মো: আব্দুল মান্নান, উপসচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৪) জনাব মোসা: ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৫) জনাব মো: তারিকুল ইসলাম চৌধুরী, ইসিডি স্পেশালিস্ট, বাংলাদেশ শিশু একাডেমি।

সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

২.০ পূর্ববর্তী সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

সভায় গত ২৯-০৭-২০১৮ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১	উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা আহ্বান	৩.১.১ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং আগ্রহী কর্মকর্তা জরুরিভিত্তিতে উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	বাস্তবায়িত
২	উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই	৩.১.২ আগামি ৩০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করা হবে।	সংস্থা ও ব্যক্তি পর্যায় হতে মোট ১৫ টি উদ্ভাবনী উদ্যোগের ধারণা পাওয়া গেছে।

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা/ কর্মকর্তা
৩.১	উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা যাচাই-বাছাই	উপসচিব (উন্নয়ন-২) জানান যে, গত ০৭-০৮-২০১৮ তারিখে উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা আহ্বান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আগামি ৩০ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। তিনি আরো জানান যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দপ্তর/ সংস্থা এবং ব্যক্তি পর্যায় হতে মোট ১৫টি উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা পাওয়া গেছে। তিনি প্রাপ্ত ধারণাসমূহ সভায় উপস্থাপন করেন।	৩.১.১ যাচাই-বাছাই শেষে নিম্নোক্ত ধারণাগুলি গ্রহণ করা হয় এবং তা ওয়েবসাইটে প্রকাশের সুপারিশ করা হয়: <u>উদ্ভাবনী ধারণাসমূহ</u> ১) নারী ও কিশোরীদের সাইবার ক্রাইম প্রতিকার বিষয়ে সচেতন করা; ২) বান্দরবান জেলার গুংডুমুখ ইউনিয়নে সুবিধা বঞ্চিত নারী উদ্যোক্তাদের সমিতি ভিত্তিক সংগঠিত করে গর্ত তাঁত যন্ত্র স্থাপনের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ; ৩) বাল্য বিবাহ নিরোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সাপলুডু খেলনা তৈরিকরণ; ৪) ভ্রমণে শিশুদের বই পড়ায় উৎসাহিত করণের লক্ষ্যে কমলাপুর রেলস্টেশনে শিশু কর্ণার স্থাপন; ৫) মহিলাদের মাঝে “ছাদ বাগান পরিবেশ বাঁচায়” ধারণা প্রচার; ৬) পরিবেশবান্ধব চুলা ব্যবহারের সচেতনতা বৃদ্ধিকরণ।	দপ্তর/সংস্থা (সকল) প্রোগ্রামার, মশিবিম
৩.২	উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা আইডিয়া ব্যাংকে জমা রাখা	সভায় উপসচিব উন্নয়ন-২ জানান যে, উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা ১০-০৯-২০১৮ তারিখের মধ্যে আইডিয়া ব্যাংকে জমা রাখা হলে কর্মপরিকল্পনা অনুযায়ী এ বিষয়ে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তিনি নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা নির্ধারিত সময়ের মধ্যে আইডিয়া ব্যাংকে জমা প্রদানের প্রস্তাব করেন।	৩.২.১ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামার নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা ১০-০৯-২০১৮ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে আইডিয়া ব্যাংকে (ideabank.gov.bd) এ জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	উপসচিব (উন্নয়ন-২), মশিবিম প্রোগ্রামার, মশিবিম
৩.৩	উদ্ভাবনী ধারণা পাইলটিং/ বাস্তবায়ন	সভায় নির্বাচিত উদ্ভাবনী ধারণাগুলি পাইলট আকারে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	নির্বাচিত নিম্নোক্ত ধারণাসমূহের মধ্যে ক্রমিক নং ১ ও ২ এর ধারণা মবিউ, ক্রমিক নং ৩ ও ৪ এর ধারণা বাংলাদেশ শিশু একাডেমি এবং ক্রমিক নং ৫ ও ৬ এর জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়ন/ পাইলটিং করা হবে।	মবিউ বাংলাদেশ শিশু একাডেমি জাতীয় মহিলা সংস্থা

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মাহমুদা শারমীন বেনু এনজিসি)
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
ও চীফ ইনোভেশন অফিসার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়